**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১০১/২০১৭**

**ঢাকা, মঙ্গলবার ২৩ মে ২০১৭, ৯ জ্যৈষ্ঠ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সন্ত্রাসীদের অস্ত্র ও অর্থায়ন বন্ধের উদ্যোগ নিন : রিয়াদে এআইএ সম্মেলনে প্রধানমন্ত্রী

২। প্রধানমন্ত্রীর আমন্ত্রণে বাংলাদেশ সফরের আশাবাদ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের

৩। মহানবী হযরত মুহাম্মদ (সা.) এর রওজা মোবারক জিয়ারত করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৪। বাজেটে প্রতিবন্ধীদের জন্য রিসোর্স সেন্টার স্থাপনে বরাদ্দ রাখা হবে : অর্থমন্ত্রী

৫। আগামী ২০২১ সাল নাগাদ মধ্যম আয়ের দেশ হবে বাংলাদেশ : শিল্পমন্ত্রী

৬। সুইজারল্যান্ডের জেনেভায় বিশ্ব স্বাস্থ্য সম্মেলনে স্বাস্থ্যমন্ত্রীর যোগদান

৭। নিখুঁত পাঠ্যপুস্তক ছাপাতে হবে : শিক্ষামন্ত্রী

৮। স্পিকারের সঙ্গে শ্রীলঙ্কার সাবেক প্রেসিডেন্টের সাক্ষাৎ

৯। চারদিনের মধ্যে বিদ্যুৎ পরিস্থিতির উন্নতি হবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

১০। পবিত্র রমজান মাসে খাদ্যে ভেজাল দিলে জরিমানার সাথে কারাদন্ড : ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র

১১। ঢাকা-খুলনা-কলকাতা সৌহার্দ্য বাস সার্ভিস চালু

চলমান পাতা-২

১। **সন্ত্রাসীদের অস্ত্র ও অর্থায়ন বন্ধের উদ্যোগ নিন : রিয়াদে এআইএ সম্মেলনে প্রধানমন্ত্রী**

সন্ত্রাস-জঙ্গিবাদ দমন নিশ্চিত ও শান্তি প্রতিষ্ঠায় বিশ্বনেতাদের সামনে চার দফা প্রস্তাব তুলে ধরেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, সন্ত্রাসীদের কাছে অস্ত্র বিক্রি বন্ধ করতে হবে, তাদের অর্থায়ন বন্ধ হতে হবে, মুসলিম উম্মাহর বিভক্তি দূরীকরণ এবং বিশ্বশান্তি আনয়নে সংলাপে অংশ নিতে হবে। গত **২১** মে রোববার সৌদি আরবের রিয়াদে বাদশাহ আবদুল আজিজ আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আরব-ইসলামিক-আমেরিকান সম্মেলনে দেওয়া বক্তব্যে তিনি এ প্রস্তাব দেন। একই সঙ্গে সহিংসতা ও সন্ত্রাসবাদ প্রতিরোধে ভূমিকা রাখা ও বৈশ্বিক শরণার্থী সংকট মোকাবিলায় দৃঢ় পদক্ষেপ নিতে বিশ্ব নেতাদের প্রতি আহ্বান জানান তিনি। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৪)। **জনকণ্ঠ, অবজারভার, বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে। **ইত্তেফাক, সংবাদ, সমকাল, যুগান্তর, ডেইলি স্টার, ডেইলি সান, নিউ এজ, অবজারভারসহ** অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **প্রধানমন্ত্রীর আমন্ত্রণে বাংলাদেশ সফরের আশাবাদ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের**

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বাংলাদেশে সফরে আসার আগ্রহ প্রকাশ করেছেন। গত **২১** মে রোববার আরব ইসলামিক-আমেরিকান সামিটে (এআইএ) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে শুভেচ্ছা বিনিময়কালে তিনি এ আগ্রহ ব্যক্ত করেন। ট্রাম্প বলেন, 'হ্যা' আমি বাংলাদেশে আসব। পররাষ্ট্র সচিব মো. শহিদুল হক সম্মেলনের পরে ব্রিফিংকালে ডোনাল্ড ট্রাম্পকে উদ্ধৃত করে একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

৩। **মহানবী হযরত মুহাম্মদ (সা.) এর রওজা মোবারক জিয়ারত করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

সৌদি আরবের মদিনায় মহানবী হযরত মোহাম্মদ (সা.) এর রওজা মোবারক জিয়ারত করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আরব-ইসলামিক-আমেরিকান সম্মেলনে যোগদান শেষে গতকাল ২২ মে সোমবার মদিনা যান প্রধানমন্ত্রী। মদিনার প্রিন্স মোহাম্মদ বিন আবদুল আজিজ বিমানবন্দরে তাকে স্বাগত জানান সৌদি আরবের ডেপুটি প্রিন্স সউদ বিন খালেদ আল ফয়সাল। প্রধানমন্ত্রী শেখ হাসিনা মসজিদে নববীতে জোহরের নামাজ আদায় করেন এবং পরে মহানবী (সা.) এর রওজায় যান। সেখানে তিনি রিয়াজুল জান্নাতে নফল নামাজ পড়েন এবং জিয়ারত করেন। পরে প্রধানমন্ত্রী হযরত মোহাম্মদ (সা.) এর রওজা মোবারক জিয়ারত শেষে গতকাল ২২ মে সোমবার মদিনা থেকে জেদ্দা পৌঁছেছেন। প্রধানমন্ত্রী একটি বিশেষ ফ্লাইটে ৭টা ২৫ মিনিটে বাদশাহ আবদুল আজিজ আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছালে ডেপুটি গভর্নর, মেয়র, এবং পুলিশ প্রধান তাকে স্বাগত জানান। বিমানবন্দর থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে মোটর শোভাযাত্রা সহকারে মক্কায় নিয়ে যাওয়া হয়। সেখানে তিনি পবিত্র ওমরাহ পালন করেন। আজ ২৩ মে মঙ্গলবার রাতে তিনি দেশে ফিরবেন। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

৪। **বাজেটে প্রতিবন্ধীদের জন্য রিসোর্স সেন্টার স্থাপনে বরাদ্দ রাখা হবে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত জানিয়েছেন, আগামী বাজেটে প্রতিবন্ধীদের জন্য বিভাগীয় শহরে রিসোর্স সেন্টার স্থাপনে বরাদ্দ রাখা হবে। একই সঙ্গে প্রতিবন্ধী শিশুদের রক্ষণাবেক্ষণের জন্য আলাদা বাজেট রাখার সিদ্ধান্ত নেবে সরকার। গতকাল ২২ মে সোমবার সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত প্রাক-বাজেট আলোচনায় এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৬)।

৫। **আগামী ২০২১ সাল নাগাদ মধ্যম আয়ের দেশ হবে বাংলাদেশ : শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেছেন, আগামী ২০২১ সালের মধ্যে বাংলাদেশ মধ্যম আয়ের দেশে পরিণত হবে। এ লক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সরকার কাজ করে যাচ্ছে। স্বাধীনতার পর জাতির পিতা বঙ্গবন্ধু

শেখ মুজিবুর রহমান যখন দেশের ভঙ্গুর অর্থনীতিকে সমৃদ্ধ করছিলেন, তখনই স্বাধীনতার বিপক্ষ শক্তি তাকে সপরিবারে হত্যা করে। গতকাল ২২ মে সোমবার কুমিল্লার মুরাদনগরে উপজেলার চাপিতলা উচ্চ বিদ্যালয় মাঠে আবদুল আজিজ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৯,ক.৪), **সমকাল** (পৃ.৭,ক.৬)।



**৬। সুইজারল্যান্ডের জেনেভায় বিশ্ব স্বাস্থ্য সম্মেলনে স্বাস্থ্যমন্ত্রীর যোগদান**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম সুইজারল্যান্ডের জেনেভায় গতকাল ২২ মে সোমবার ৭০তম বিশ্ব স্বাস্থ্য সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে যোগদান করেন। বিশ্বের প্রায় ১৯৪টি দেশের চার হাজার প্রতিনিধি এবারের সম্মেলনে অংশগ্রহণ করেন। স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিমের নেতৃত্বে বাংলাদেশ থেকে ১৫ সদস্যের প্রতিনিধি দল এবারের স্বাস্থ্য সম্মেলনে অংশগ্রহণ করছেন। এবারের সম্মেলনে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে সদস্য দেশগুলোর সমন্বিত উদ্যোগ গ্রহণ এবং জরুরি অবস্থায় স্বাস্থ্য সেবা, অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ ইত্যাদি বিষয়ে আলোচনা হবে। এছাড়া এ সম্মেলনে বিশ্ব স্বাস্থ্য সংস্থার ডিজি (ডাইরেক্টর জেনারেল) নির্বাচিত করা হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.৫,ক.৪)।

**৭। নিখুঁত পাঠ্যপুস্তক ছাপাতে হবে : শিক্ষামন্ত্রী**

বিনামূল্যের পাঠ্যপুস্তক প্রণয়ন, মুদ্রণ ও বিতরণকে বিশাল কার্যক্রম উল্লেখ করে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, এর সঙ্গে সংশ্লিষ্ট সব কর্মকর্তাকে আরও সতর্কতার সঙ্গে কাজ করতে হবে। প্রত্যেক শিক্ষার্থীর হাতে বছরের শুরুতে বই পৌঁছে দিতে চাই। এর কোনো ব্যত্যয় করা যাবে না। এখানে ব্যর্থতার কোনো সুযোগ নাই। শিক্ষামন্ত্রী গতকাল ২২ মে সোমবার ঢাকার মতিঝিলে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) অডিটোরিয়ামে ২০১৮ শিক্ষাবর্ষের বিনামূল্যের পাঠ্যপুস্তক মুদ্রণ সংক্রান্ত মতবিনিময় সভায় এ কথা বলেন। মন্ত্রী বলেন, নিখুঁত পাঠ্যপুস্তক ছাপাতে হবে। গত বছর যেসব ভুল হয়েছিল, সেগুলো সম্পর্কে সচেতন থাকতে হবে। নতুন কোনো ভুল যাতে না হয়, সে ব্যাপারে সতর্ক থাকতে হবে। সামান্য ভুলের কারণে একটি বড় অর্জনও ম্লান হয়ে যেতে পারে মন্তব্য করে নুরুল ইসলাম নাহিদ বলেন, কোনো ভুল হলে সংশ্লিষ্ট ব্যক্তিদের তার দায় নিতে হবে। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.১), **সমকাল** (পৃ.৫,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৪), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

**৮। স্পিকারের সঙ্গে শ্রীলঙ্কার সাবেক প্রেসিডেন্টের সাক্ষাৎ**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে সাক্ষাৎ করেছেন শ্রীলঙ্কার সাবেক প্রেসিডেন্ট চন্দ্রিকা বন্দরনায়েকে কুমারাতুঙ্গা। গতকাল ২২ মে সোমবার জাতীয় সংসদ ভবনে স্পিকারের কার্যালয়ে সাক্ষাৎকালে তারা নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন, নারী শিক্ষা, সংস্কৃতি, সংসদীয় প্রক্রিয়া, জেন্ডারসমতা, দু'দেশের আর্থ-সামাজিক অবস্থাসহ দ্বি-পাক্ষিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। জাতীয় সংসদ সচিবালয়ের সিনিয়র সচিব ড. মো আবদুর রব হাওলাদার এ সময় উপস্থিত ছিলেন। চন্দ্রিকা কুমারাতুঙ্গা প্রেসিডেন্টের দায়িত্বে থাকাকালীন সময়ের বিভিন্ন উন্নয়ন কর্মসূচির স্মৃতিচারণ করেন। ভবিষ্যতে শ্রীলঙ্কার সঙ্গে বাংলাদেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও সুদৃঢ় হবে বলেও আশা প্রকাশ করেন তিনি। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.২), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**৯। চারদিনের মধ্যে বিদ্যুৎ পরিস্থিতির উন্নতি হবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেছেন, বিদ্যুৎ পরিস্থিতি আগামী চার দিনের (শুক্রবারের) মধ্যে উন্নতি হবে। সঞ্চালন টাওয়ার ভেঙে যাওয়া, ১০টি বিদ্যুৎকেন্দ্র রক্ষণাবেক্ষণে থাকায় এবং গ্যাসের স্বল্পতার জন্য চাহিদামতো বিদ্যুৎ দেওয়া যাচ্ছে না। চারদিনের মধ্যে রক্ষণাবেক্ষণে থাকা বিদ্যুৎ কেন্দ্রগুলো উৎপাদনে আসবে। এর মধ্যে বিদ্যুৎ সরবরাহ পরিস্থিতির উন্নতি হবে। গতকাল ২২ মে সোমবার রাজধানীতে বিদ্যুৎ ভবনে এক

সভা শেষে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

**১০। পবিত্র রমজান মাসে খাদ্যে ভেজাল দিলে জরিমানার সাথে কারাদন্ড**

**: ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র**

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র মোহাম্মদ সাঈদ খোকন বলেছেন, পবিত্র মাহে রমজান মাসে খাদ্যে ভেজাল কোনোভাবেই মেনে নেওয়া হবে না। পয়লা রমজান থেকেই ভ্রাম্যমান আদালতের অভিযান শুরু হবে। এবার জরিমানার পাশাপাশি কারাদন্ডও দেওয়া হবে। এজন্য এখন থেকেই তিনি সবাইকে সতর্ক হয়ে যাওয়ার আহ্বান জানিয়েছেন। গতকাল ২২ মে সোমবার রাজধানীর নগরভবন মেয়র মোহাম্মদ হানিফ



অডিটরিয়ামে আসন্ন রমজানের পবিত্রতা রক্ষা ও স্বাস্থ্যসম্মত খাবার বিষয়ক এক মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১১,ক.৬), **যায়যায়দিন** (পৃ.৩,ক.২) **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**১১। ঢাকা-খুলনা-কলকাতা সৌহার্দ্য বাস সার্ভিস চালু**

ঢাকা থেকে খুলনা হয়ে কলকাতার উদ্দেশ্যে গতকাল ২২ মে সোমবার ছেড়ে গেল সৌহার্দ্য বাস সার্ভিস। সকাল সাড়ে ৭টায় রাজধানীর কমলাপুরে বাংলাদেশ সড়ক পরিবহণ করপোরেশনের (বিআরটিসি) আন্তর্জাতিক বাস টার্মিনালে এ বাস সার্ভিসের আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রতিষ্ঠানটির চেয়ারম্যান মিজানুর রহমান। দুপুরে খুলনায় পৌঁছালে স্থানীয় সংসদ সদস্য আলহাজ্ব মিজানুর রহমান মিজান ফুলেল শুভেচ্ছায় বরণ করেন। পরে এখান থেকে যাত্রী নিয়ে যাত্রা শুরু করে কলকাতা অভিমূখে। সপ্তাহের প্রতি সোম, বুধ ও শুক্রবার সকাল সাড়ে ৭টায় কমলাপুর বিআরটিসি টার্মিনাল থেকে ছাড়বে বাসটি। সেখান থেকে আসবে খুলনায়। আর কলকাতার সল্টলেক করুণাময়ী আন্তর্জাতিক বাস টার্মিনাল থেকে প্রতি মঙ্গল, বৃহস্পতি ও শনিবার সকাল সাড়ে ৭টায় ঢাকার উদ্দেশ্যে ছাড়বে। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২।

**সম্পাদকীয়**

ক. **জনকণ্ঠ :** দেশে এবারই প্রথম একাদশ শ্রেণীতে ভর্তিতে অনলাইন ও এসএমএসের মাধ্যমে ফি'সহ আবেদনপত্র জমা দেওয়ার সুযোগ সৃষ্টি হয়েছে উল্লেখ করে শিক্ষাক্ষেত্রে ডিজিটাল পদ্ধতি চালুর ক্ষেত্রে এটি একটি শুভলক্ষণ বলে মত প্রকাশ।

খ. **সংবাদ, প্রথম আলো, নিউ এজ, ডেইলি স্টার, নিউজ টুডে :** সরকারের বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরোর (ব্যানবেইস) 'বাংলাদেশ শিক্ষা পরিসংখ্যান ২০১৬' এর একটি প্রতিবেদনে মাধ্যমিকে প্রতি ৪২ জন শিক্ষার্থীর জন্য গড়ে **১** জন শিক্ষক থাকার কথা প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে মানসম্মমত শিক্ষা নিশ্চিত করতে শিক্ষার্থী শিক্ষকের অনুপাত ৩০:১ এর বেশি না হওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **যুগান্তর :** মাল্টিপারপাস, কো-অপারেটিভ ও সমবায় সমিতির নামে দেশজুড়ে জনগণের হাজার হাজার কোটি টাকা আত্মসাতের ঘটনার জন্য দায়ী ব্যক্তি প্রতিষ্ঠান ধরাছোঁয়ার বাইরে থেকে যাচ্ছে উল্লেখ করে 'সমবায় ও সঞ্চয়ে সমৃদ্ধি' স্লোগানের প্রতি মানুষের আস্থা ফিরিয়ে খাতটিকে উৎপাদনশীল করতে সমবায় অধিদফতর ও এলজিইডি মন্ত্রণালয়কে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **ভোরের কাগজ, যুগান্তর, ইন্ডিপেনডেন্ট :** অসহনীয় গরমের সঙ্গে পাল্লা দিয়ে রাজধানীসহ সারাদেশে ভয়াবহ লোডশেডিং চলার কথা উল্লেখ করে জরুরি ভিত্তিতে চাহিদা মতো বিদ্যুৎ উৎপাদনে কার্যকর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঙ. **ইত্তেফাক :** রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসারত অবস্থায় ছাত্রী মৃত্যুর ঘটনায় শিক্ষার্থীদের চিকিৎসকদের ওপর হামলার প্রতিবাদে চিকিৎসকদের কর্মবিরতিতে রোগীদের দুর্ভোগে পড়তে হয়েছে উল্লেখ করে এ ধরনের পরিস্থিতিতে আইন নিজের হাতে তুলে না নেওয়ার আহ্বান।

চ. **ডেইলি স্টার :** ফুটপাতকে দখলমুক্ত করতে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **নিউ এজ :** রাজধানীতে মশাবাহিত রোগ বেড়ে যাওয়ায় এ ব্যাপারে সবাইকে সচেতন হওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয়তে প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত কলামে আইনের শাসন নিশ্চিত করার লক্ষ্যে মানবাধিকারকে শক্তিশালী ভিত্তির ওপর প্রতিষ্ঠিত করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'খাদ্য উৎপাদনে ঈর্ষণীয় সফল্য ধরে রাখতে করণীয়'** শিরোনামের নিবন্ধে মোতাহার হোসেন কৃষিকে আরও যুগোপযোগী করা, নতুন নতুন প্রযুক্তি উদ্ভাবন ও জলবায়ু সহিষ্ণু বীজ উদ্ভাবন করা সম্ভব হলে খাদ্য স্বয়ংসম্পূর্ণতা অর্জনই নয় আরও বেশি পরিমাণ খাদ্য শস্য বিদেশে রপ্তানি করা সম্ভব হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা